

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd


নং- ৩৯.০০.০০০০.০০৯.০৯.০৯৩.১৮-১২৬৩

তারিখঃ ০৫ ভাদ্র ১৪২৭
২০ আগস্ট ২০২০

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থবছরে প্রদানকৃত বিশেষ গবেষণা অনুদান প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার প্রেরণ এবং অজমাকৃত কিস্তির চেক ফেরৎ।

বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির আওতায় যে সকল গবেষক/বিজ্ঞানীদের প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদান প্রদান করা হয়েছে প্রকল্প পরিচালক কর্তৃক সে সকল প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার জরুরিভিত্তিতে আগামী ২০ সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে জমা প্রদান করার জন্য প্রকল্প পরিচালকগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যে সকল গবেষক/বিজ্ঞানীগণ চূড়ান্ত প্রতিবেদন ও বিল ভাউচার উল্লেখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে ব্যর্থ হবেন তাদের ২০২০-২০২১ অর্থবছরে বিশেষ গবেষণা অনুদানের জন্য প্রেরিত আবেদন বিবেচনা করা হবেনা। উল্লেখ্য, বিলভাউচার ও চূড়ান্ত প্রতিবেদন এক সাথে স্পাইরাল বাইন্ডিং করে একটি মূলকপি এবং একটি ফটোকপি মোট দুই কপি রেজিস্ট্রি ডাকযোগে ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, (ভবন নং-৬, কক্ষ নং- ৯১৭, ১০ম তলা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।

০২. তাছাড়া যে সকল প্রকল্প পরিচালকগণ এখনও তাদের চেক ব্যাংকে জমা করতে ব্যর্থ হয়েছেন তাদের চেক সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবরে একটি আবেদনের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে ফেরৎ প্রদানের জন্য অনুরোধ করা হলো।


২০/০৮/২০২০
(ড. মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৩৯
ই-মেল:
section9@most.gov.bd

প্রকল্প পরিচালক (সকল).....

অনুলিপি:

- ১। উপাচার্য/সংস্থাপ্রধান (সংশ্লিষ্ট সকল).....
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (বি: প্র:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি